



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ০৬.০৩.২০২০ খ্রিঃ

## জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মুজিব জন্মশতবর্ষ উদ্‌যাপনের সূচনা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিক ভাবে মুজিব জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদ্‌যাপনের সূচনা হয়েছে। ০৬ মার্চ ২০২০ তারিখ টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদ এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের নেতৃবৃন্দ জাতির পিতার সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে উপাচার্য মহোদয়সহ সকলে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণকারী তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফেরাত কামনায় ফাতেহা পাঠ করে দোয়া মোনাজাতে অংশ নেন। এর আগে উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধ কমপ্লেক্সে পৌঁছলে তাঁকে স্বাগত জানান বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স জাদুঘরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ স্থানীয় নেতৃবৃন্দ। পরে উপাচার্য মহোদয় সমাধি কমপ্লেক্স সংলগ্ন বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং পরিদর্শক বহিতে স্বাক্ষর করেন। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয় বছরব্যাপী নানা বর্ণিল ও জমকালো আয়োজনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদ্‌যাপন করবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)  
জনসংযোগ অফিস